২

দৈনিক ইত্তেফাক

তারিখ ...14 MAY 1994 ...
পৃষ্ঠা... ৪ ...কলাম ...

শিক্ষক প্রতিনিধিদের সভায় প্রধানমন্ত্রী

# শিক্ষা কর্মসূচী বাস্তবায়নে সহযোগিতা করুন

বাসস ॥ প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বলিয়াছেন, বর্তমান সরকার সমাজ হইতে নিরক্ষরতা দূরীকরণের মাধ্যমে জাতিকে সমৃদ্ধির দিকে আগাইয়া নিতেছে। বর্তমান গণতান্ত্রিক সরকার জাতিকে উহার অভীষ্ট লক্ষ্যে নিয়া যাইতে আগ্রহী। শিক্ষক সমাজ এইক্ষেত্রে পথ প্রদর্শকের ভূমিকা পালন করিতে পারে। গতকাল শুক্রবার প্রাথমিক শিক্ষক সমিতির একটি প্রতিনিধিদল প্রধানমন্ত্রীর সহিত

(১১শ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## প্রধানমন্ত্রী

(১ম পৃঃ পর)

সুগন্ধায় সাক্ষাৎ করিতে গেলে তিনি একথা বলেন। প্রধানমন্ত্রী শিক্ষক্ষেত্রে সরকার গৃহীত বিভিন্ন কর্মসূচী বাস্তবায়নে সহযোগিতার আহ্বান জানান। তিনি বলেন, সরকার শিক্ষাক্ষেত্রে সর্বাধিক অগ্রাধিকার দিয়াছে। এই খাতে সর্বাধিক বাজেট বরাদ্দ করা হইয়াছে। প্রধানমন্ত্রী বলেন, সরকার ইতিমধ্যে প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক করিয়াছে এবং খাদ্যের বিনিময়ে শিক্ষা কর্মসূচী চালু করিয়াছে। অষ্টম শ্রেণী পর্যন্ত ছাত্রীদের জন্য অবৈতনিক শিক্ষা ব্যবস্থা চালু করা হইয়াছে। অদূর ভবিষ্যতে সরকার দশম শ্রেণী পর্যন্ত নারী শিক্ষা অবৈতনিক করার পরিকল্পনা নিয়াছে। এই সময় শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ ইউনুস খান উপস্থিত ছিলেন।